

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৩৯/২০১৭

তারিখঃ ১৬/০৭/২০১৭খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর স্মারক নং-২/রাজস্ব/যোগাযোগ/১৫/অংশ-১/১০৬৭() (A) , তারিখঃ ১২/৭/১৭ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মুছা)

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

www.che.gov.bd

নথি নং-২/রাজস্ব/যোগাযোগ/১৫/অংশ১/

তারিখঃ ১২/৭/১৭

বিষয় : কাস্টম হাউস ও চট্টগ্রাম বন্দর এর মাধ্যমে প্রতিদিন ২৪ ঘন্টা আমদানি-রপ্তানি কার্যক্রম চালু রাখার বিষয়ে মতবিনিময় সভা।

সভাপতি	:	জনাব এ এফ এম আবদুল্লাহ খান কমিশনার অব কাস্টমস্
স্থান	:	“সমৃদ্ধি” সম্মেলন কক্ষ, কাস্টম হাউস, চট্টগ্রাম।
তারিখ	:	১০/০৭/২০১৭।
সময়	:	সকাল ৯.৩০ ঘটিকা।

জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নথি নং-৬৬/২০১৭/কাস্টমস্/৩২২/ তারিখঃ ০৬.০৭.২০১৭ মোতাবেক কাস্টম হাউস, চট্টগ্রাম এর মাধ্যমে পরিচালিত আমদানি-রপ্তানি কার্যক্রম সপ্তাহের প্রতিদিন ২৪ (চব্বিশ) ঘন্টা চালু রাখার বিষয়ে কাস্টম হাউস, চট্টগ্রাম ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সাথে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম। সভায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি, চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, চট্টগ্রাম কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা), বাংলাদেশ ফ্রেইট ফরোয়ার্ডার্স এসোসিয়েশন, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, সোনালী ব্যাংক, কাস্টম হাউস শাখা, চট্টগ্রাম এর প্রতিনিধি ও কাস্টম হাউস, চট্টগ্রামের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভার আলোচ্য বিষয় ও সর্বসম্মতভাবে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

ক্রঃনং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা/সংস্থা
০১	সার্বক্ষণিক কাস্টম হাউস খোলা রাখা।	সাপ্তাহিক ছুটি এবং অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতিত সকল কর্মদিবসে সকাল ৯.০০ টা থেকে সন্ধ্যা ৭.০০ টা পর্যন্ত যথারীতি এবং অবশিষ্ট সময়ে প্রয়োজন মোতাবেক কাস্টম হাউস, চট্টগ্রাম এর মাধ্যমে পরিচালিত আমদানি-রপ্তানি পণ্যচালানের শুক্রায়ন ও Outpass কার্যক্রম চলমান থাকবে। সকল ছুটির দিনে আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা-কর্মচারী পৃথক রোস্টার এর মাধ্যমে নিয়োজিত থাকবেন।	কাস্টম হাউস কর্তৃপক্ষ (সকল অতিরিক্ত/যুগ্ম ও উপ/সহকারী কমিশনারগণ), সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন ও সংশ্লিষ্ট অন্যান্য সকল স্টেকহোল্ডার।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(২)

ক্রঃনং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা/সংস্থা
০২	জেটির কায়িক পরীক্ষা ও পণ্য খালাস সার্বক্ষণিক চালু রাখা।	জেটির কায়িক পরীক্ষণ ও পণ্য খালাস প্রক্রিয়া সার্বক্ষণিক চালু রাখতে হবে।	জেটিতে পণ্য পরীক্ষণ ও পণ্য চালান খালাস প্রক্রিয়া সার্বক্ষণিক চালু থাকবে। তবে যুগ্ম কমিশনার (জেটি কাস্টমস), অধীনস্থ কর্মকর্তাগণের সমন্বয়ে অফ-পিক আওয়ারের জন্য (রাত্রি ৯টা থেকে সকাল ৯টা পর্যন্ত) স্বল্প সংখ্যক কর্মকর্তার সমন্বয়ে মাস ভিত্তিক ডিউটি রোস্টার করে দেবেন।
০৩	সোনালী ব্যাংক লিঃ, কাস্টম হাউস শাখা, চট্টগ্রাম এর কার্যক্রম সার্বক্ষণিক চালু রাখা।	সোনালী ব্যাংক লিঃ, কাস্টম হাউস শাখা, চট্টগ্রাম সন্ধ্যা ৭.০০টা পর্যন্ত Pay Order গ্রহণসহ অন্যান্য কার্যক্রম চালু রাখবে। তবে বিকাল ৪.০০ টার পরে On-line ভিত্তিক ব্যাংকিং লেনদেন কার্যক্রম বর্ধিতকরণে ব্যাংক তাঁদের উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সোনালী ব্যাংক লিঃ, কাস্টম হাউস শাখা, চট্টগ্রাম।
০৪	বাংলাদেশ শিপিং এজেন্টস্ ও বাংলাদেশ ফ্রেইট ফরোয়ার্ডার্স এসোসিয়েশন কর্তৃক কার্যক্রম বর্ধিতকরণ।	কাস্টম হাউস, চট্টগ্রাম ও বন্দরের কার্যক্রমের সাথে তাল মিলিয়ে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট ও বাংলাদেশ ফ্রেইট ফরোয়ার্ডার্স এসোসিয়েশন ডি.ও প্রদানসহ অন্যান্য সেবা সপ্তাহের প্রতিদিন সার্বক্ষণিক অব্যাহত রাখবে।	বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন ও বাংলাদেশ ফ্রেইট ফরোয়ার্ডার্স এসোসিয়েশন
০৫	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় লজিস্টিক সহায়তা প্রদান।	কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক বর্ধিত সময়ে পরীক্ষণ কার্যক্রম পরিচালনা ও অফডকসমূহে পণ্য চালান স্থানান্তরে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ প্রয়োজনীয় (equipment) লজিস্টিক সহায়তা নিরবিচ্ছিন্ন রাখবেন।	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

০২। সভার আলোচ্য সূচীতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সভাপতি মহোদয় ট্রেড ফ্যাসিলিটেশন এর স্বার্থে সবার সহযোগিতা চেয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(এ এফ এম আবদুল্লাহ খান)

কমিশনার অব কাস্টমস্

কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং- ২/রাজস্ব/যোগাযোগ/১৫/অংশ-১/১০৬৭() (A)

তারিখঃ ১২/৭/১৭